



খালেদা জিয়ার ইস্তেকালে শোক, জান্নাত কামনায় জামায়াত আমিরের দোয়া



সংগৃহীত ছবি

বিএনপি চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। তিনি মরহুমার রুহের মাগফিরাত ও জান্নাতুল ফেরদৌস কামনা করে আল্লাহর কাছে দোয়া করেছেন।

মঙ্গলবার (৩০ ডিসেম্বর) সকালে সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে দেওয়া এক শোকবার্তায় ডা. শফিকুর রহমান বেগম খালেদা জিয়ার জন্য দোয়া করেন। পোস্টে তিনি বলেন, ইম্মালিল্লাহি ওয়া ইম্মাহ ইলাইহি রাজিউন—মহান আল্লাহ যেন বাংলাদেশের প্রথম নারী প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়াকে ক্ষমা করে তাঁর প্রিয় জান্নাতের মেহমান হিসেবে কবুল করেন।

একই সঙ্গে তিনি মরহুমার পরিবার, আত্মীয়স্বজন ও রাজনৈতিক সহকর্মীদের প্রতি সমবেদনা জানিয়ে তাঁদের জন্য সবরে জামিল কামনা করেন।

উল্লেখ্য, ৮০ বছর বয়সী বিএনপির চেয়ারপারসন বেগম খালেদা জিয়া মঙ্গলবার ভোর আনুমানিক ৬টার দিকে রাজধানীর এভারকেয়ার হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইস্তেকাল করেন।